

তড়কা (অ্যানথ্রাক্স) রোগ নিরাময়ে ও প্রতিরোধে করণীয়

- সম্প্রতি কোন কোন এলাকায় তড়কা বা অ্যানথ্রাক্স রোগ দেখা যাচ্ছে।
- এ রোগ গবাদিপশু থেকে মানুষে ছড়ায়, কিন্তু মানুষ থেকে মানুষে ছড়ায় না।
- অসুস্থ গবাদিপশুর শ্লেষ্মা, লালা, রক্ত, মাংস, হাড়, নাড়ীভড়ি ইত্যাদির সংস্পর্শে এলে মানুষ এ রোগে আক্রান্ত হয়।
- মানব দেহে এ রোগের প্রধান লক্ষণ হচ্ছে চামড়াতে ঘা সৃষ্টি হওয়া।
- আপনার শরীরে এ রোগের লক্ষণ দেখা দিলে স্থানীয় স্বাস্থ্য কেন্দ্র বা চিকিৎসকের পরামর্শ নিন।

অসুস্থ গবাদিপশু জবাই করবেন না, অসুস্থ প্রাণীর মাংস খাবেন না।

- গবাদিপশুতে কোন রোগের লক্ষণ দেখা দিলে স্থানীয় প্রাণিসম্পদ অফিস বা পশু চিকিৎসকের পরামর্শ নিন।
- মৃত গবাদিপশুর দেহ মাটিতে গভীর গর্ত করে পতে ফেলুন।
- খালি হাতে অসুস্থ ও মৃত গবাদি পশু ধরবেন না, হাতে গ্লাভস বা পলিথিনের আবরণ ব্যবহার করুন।
- গবাদিপশুকে তড়কা রোগ থেকে বাঁচানোর জন্য টিকা দিন।

স্বাস্থ্য শিক্ষা বুরো
স্বাস্থ্য অধিদপ্তর